দৈনিক সংবাদ

তারিখ ... MAR 21 1999 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৪ ......

114




গতকাল শনিবার প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ ১২ দফা দাবিতে নগরীতে মিছিল করে —সংবাদ

## প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের দাবি মেনে নেয়ার আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের নেতৃবৃন্দ অবিলম্বে তাদের ১২ দফা দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল শনিবার দুপুরে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত এক সমাবেশে তারা এ আহ্বান জানান।

সমাবেশে বক্তৃতা করেন ঐক্য পরিষদের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক সুলতান মিয়া, মোঃ গিয়াসউদ্দিন, নাসিরউদ্দিন আহম্মেদ, গাজী নুরুজ্জামান, ইকবাল হোসেন, বিধান চন্দ্র রায়, আবদুস সামাদ আখন্দ, আবদুস সালাম চৌধুরী প্রমুখ।